# বাংলাদেশ সেনাবাহিনীতে যোগ দিন

## ইঞ্জিনিয়ার্স, সিগন্যালস্, ইএমই, এইসি, আরভিএন্ডএফসি ও জেএজি কোরে অফিসার পদে যোগ দিন

## ৬০তম বিএমএ স্পেশাল (ইঞ্জিনিয়ার্স/সিগন্যালস্/ইএমই/এইসি), ৫৩তম আরভিএন্ডএফসি এবং ৩৭তম জেএজি

### যোগ্যতাঃ

১। **বয়স**। ০১ জানুয়ারি ২০২৫ তারিখে অনূর্ধ্ব ২৮ বছর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

২। **শারীরিক মান (ন্যূনতম)**।

| ক্রমিক | শারীরিক যোগ্যতা | পুরুষ প্রার্থীদের জন্য | মহিলা প্রার্থীদের জন্য |
| --- | --- | --- | --- |
| ১। | উচ্চতা | ১.৬৩ মিটার (৫ ফুট ৪ ইঞ্চি) | ১.৫৫ মিটার (৫ ফুট ১ ইঞ্চি) |
| ২। | ওজন* | ৫৭.০০ কেজি (১২৬ পাউন্ড) | ৪৯.০০ কেজি (১০৯ পাউন্ড) |
| ৩। | বুক | স্বাভাবিক - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৮১ মিটার (৩২ ইঞ্চি) | স্বাভাবিক - ০.৭১ মিটার (২৮ ইঞ্চি)<br>প্রসারণ - ০.৭৬ মিটার (৩০ ইঞ্চি) |
| * উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্র বাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবেন। | | | |

৩। **শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)**। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নবর্ণিত কোরসমূহে বর্ণিত যোগ্যতা সাপেক্ষে আবেদন করতে পারবেনঃ

ক। **ইঞ্জিনিয়ার্স কোর - পুরুষ**।

(১) **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক**।

(ক) **জাতীয় মাধ্যম**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০।

(খ) **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ২টিতে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড ও ১টিতে 'সি' গ্রেড এবং এ লেভেলে ২টি বিষয়েই ন্যূনতম 'বি' গ্রেড।

(২) সিভিল ইঞ্জিনিয়ারিং (**সিই**) বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

খ। **সিগন্যালস কোর - পুরুষ**।

(১) **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক**।

(ক) **জাতীয় মাধ্যম**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০।

(খ) **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ২টিতে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড ও ১টিতে 'সি' গ্রেড এবং এ লেভেলে ২টি বিষয়েই ন্যূনতম 'বি' গ্রেড।

(২) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (**সিএসই**)/ইলেকট্রিক্যাল ইলেকট্রনিকস্ এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (**ইইসিই**)/ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (**ইসিই**)/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (**ইইই**) বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

গ। **ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইএমই) কোর - পুরুষ**।

(১) **মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক**।

(ক) **জাতীয় মাধ্যম**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.৫০।

(খ) **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ২টি'তে 'এ' গ্রেড, ৩টিতে 'বি' গ্রেড ও ১টি তে 'সি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়েই ন্যূনতম 'বি' গ্রেড।

(২) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (**এমই**) বিষয়ের উপর বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

ঘ। **আর্মি এডুকেশন কোর (এইসি) কোর - (পুরুষ/মহিলা)**।

(১) **মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক**।

(ক) **জাতীয় মাধ্যম**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.০০।

(খ) **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৪টিতে 'বি' গ্রেড, ১টিতে 'সি' গ্রেড এবং ১টিতে 'ডি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়ের মধ্যে ন্যূনতম ১টিতে 'সি' গ্রেড এবং ১টিতে 'ডি' গ্রেড।

(২) **ইংরেজি/গণিত/পদার্থ/ইতিহাস/বাংলা/অর্থনীতি/আন্তর্জাতিক সম্পর্ক/মনোবিজ্ঞান** বিষয়ের উপর স্নাতক (সম্মান) এ কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

(৩) স্ব স্ব বিষয় সমূহের উপর স্নাতকোত্তর ডিগ্রিতে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

ঙ। **রিমাউন্ট ভেটেরিনারী এন্ড ফার্ম কোর (আরভিএন্ডএফসি) কোর - পুরুষ**।

(১) **মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক**।

(ক) **জাতীয় মাধ্যম**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.০০।

(খ) **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৪টি'তে 'বি' গ্রেড, ১টিতে 'সি' গ্রেড, ১টি তে 'ডি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়ের মধ্যে ন্যূনতম ১টিতে 'সি' গ্রেড এবং ১টিতে 'ডি' গ্রেড।

(২) B.Sc, Vet. Sci. & A.H/DVM/B.Sc., AH (Hons) এ কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

(৩) ইন্টার্ণশীপ সম্পন্নকারী।

চ। **জাজ এ্যাডভোকেট জেনারেল (জেএজি) - পুরুষ**।

(১) **মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক**।

(ক) **জাতীয় মাধ্যম**। এসএসসি এবং এইচএসসি উভয় পরীক্ষায় জিপিএ-৪.০০।

(খ) **ইংরেজি মাধ্যম**। 'ও' লেভেলে ০৬টি বিষয়ের মধ্যে ন্যূনতম ৪টি'তে 'বি' গ্রেড, ১টিতে 'সি' গ্রেড ও ১টি তে 'ডি' গ্রেড এবং 'এ' লেভেলে ২টি বিষয়ের মধ্যে ন্যূনতম ১টিতে 'সি' গ্রেড ও ১টিতে 'ডি' গ্রেড।

(২) এলএলবি (সম্মান) এ কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

(৩) এলএলএম/এমএএলএলএম ডিগ্রিতে কমপক্ষে সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে (৪.০০ এর মধ্যে)।

৪। **বৈবাহিক অবস্থা**।

ক। **পুরুষ**। অবিবাহিত। তবে, ০১ জানুয়ারি ২০২৫ তারিখে যাদের বয়স ২৬ বছরের উপরে হবে সে সকল বিবাহিত পুরুষ প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

খ। **মহিলা**। অবিবাহিতা/বিবাহিতা।

৫। **জাতীয়তা**। জন্মসূত্রে বাংলাদেশী নাগরিক।





### অযোগ্যতাঃ

৬। সেনা/নৌ/বিমান বাহিনী অথবা যে কোন সরকারি চাকরি হতে অপসারিত/বরখাস্ত।

৭। আইএসএসবি (ISSB) কর্তৃক ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত (একবার স্ক্রিন্ড আউট ও একবার প্রত্যাখ্যাত হলে আবেদন করা যাবে)। তবে ০৫ (পাঁচ) বছর পূর্বে ০২ (দুই) বার স্ক্রিন্ড আউট/প্রত্যাখ্যাত প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

৮। যে কোন ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত।

৯। প্রতিটি চোখের দৃষ্টিক্ষীনতা ও দূরদৃষ্টি ২.৫ ডাইঅপ্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডাইঅপ্টার এর বেশি হলে অযোগ্য বলে বিবেচিত হবেন।

১০। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপিল মেডিকেল বোর্ড কর্তৃক অযোগ্য ঘোষিত।

১১। দ্বৈত নাগরিকত্ব অথবা বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে স্থায়ীভাবে বসবাসের অনুমতি থাকলে।

### আবেদন করার পদ্ধতিঃ

১২। ০৫ জুলাই ২০২৪ হতে ১০ আগস্ট ২০২৪ তারিখ পর্যন্ত শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে।

১৩। আবেদনকারী প্রার্থীগণকে https://join.army.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এর উপরে ডান পার্শ্বে Apply Now তে ক্লিক করে বর্ণিত কোর্সে Apply করতে হবে।

১৪। আবেদনকারী প্রার্থীগণকে টেলিটক, VISA/Master Card, TAP, Bkash, Nagad, Rocket এর মাধ্যমে ১,০০০/- (এক হাজার) টাকা আবেদন ফি এবং ১,০০০/- (এক হাজার) টাকা অনলাইন রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি ও অনলাইন রেজিস্ট্রেশন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যায়।

১৫। অনলাইনে আবেদন করতে যে কোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে দেখানো সাপোর্ট নম্বরঃ +৮৮০১৭১৩১৬১৯৭৯ এবং ই-মেইলঃ joinarmy.helpdesk@gmail.com এ যোগাযোগ করা যাবে।

### নির্বাচন পদ্ধতিঃ

১৬। **লিখিত পরীক্ষা**। লিখিত পরীক্ষা (পেশাগত বিষয়ে ১০০ নম্বর) আগামী ১৬ আগস্ট ২০২৪ তারিখ ০৯০০ ঘটিকায় শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতঃ প্রার্থীরা কল-আপ লেটার প্রিন্ট করে নিবেন এবং পরীক্ষার সময় কল-আপ লেটার সাথে বহন করবেন। লিখিত পরীক্ষার ফলাফল সেপ্টেম্বর ২০২৪ মাসের ১ম সপ্তাহে ওয়েবসাইট ও এসএমএস/টেলিফোনের মাধ্যমে জানানো হবে।

১৭। **প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা**। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা আগামী ২২ সেপ্টেম্বর ২০২৪ হতে ০৩ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত সদর দপ্তর ৮৬ স্বতন্ত্র সিগন্যাল ব্রিগেড, ঢাকা সেনানিবাসে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল পরীক্ষার সার্টিফিকেট ও মার্কসিট এর মূলকপি এবং কল-আপ লেটার প্রদর্শন করতে হবে, অন্যথায় অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৮। **আইএসএসবি পরীক্ষা**। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ঢাকা সেনানিবাসে অবস্থিত আইএসএসবি এর নিকট পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন হবে এবং যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

১৯। **চূড়ান্ত নির্বাচন এবং যোগদান নির্দেশিকা প্রদান**। উপরোক্ত সকল পরীক্ষায় যোগ্যতা অর্জন সাপেক্ষে শূন্যাসনের অনুকূলে মেধাক্রম অনুযায়ী প্রার্থীদেরকে সেনাবাহিনী সদর দপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত ঘোষণা এবং যোগদান নির্দেশিকা প্রদান করা হবে।

### প্রশিক্ষণ ও কমিশনঃ

২০। **বিএমএ প্রশিক্ষণ**। আইএসএসবি ও ডাক্তারী পরীক্ষায় যোগ্য এবং সেনাসদর কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার পর বিএমএ'তে ০১ (এক) বছর প্রশিক্ষণ গ্রহণ করবেন।

২১। **কমিশন ও পশ্চাৎ প্রবীণতা**। বিধি মোতাবেক পশ্চাৎ প্রবীণতাসহ লেফটেন্যান্ট পদবী প্রাপ্য হবেন।

### প্রাপ্ত সুযোগ সুবিধাঃ

২২। **বেতন-ভাতা**। সরকার কর্তৃক নির্ধারিত সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী অফিসার ক্যাডেট/ট্রেইনি অফিসারগণ বেতন ও ভাতা প্রাপ্ত হবেন। পরবর্তীতে কমিশন্ড অফিসার হিসেবে প্রযোজ্য বেতন ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধা প্রাপ্ত হবেন।

২৩। **অন্যান্য বিশেষত্ব**।

ক। **উচ্চতর শিক্ষা ও বিদেশে প্রশিক্ষণ**। কমিশনপ্রাপ্ত অফিসারগণ ব্যক্তিগত যোগ্যতার ভিত্তিতে উচ্চতর শিক্ষা ও বিদেশে প্রশিক্ষণের সুযোগ পাবেন।

খ। **বাসস্থান**। নিরাপদ ও মনোরম পরিবেশে প্রাধিকার অনুযায়ী বাসস্থান প্রাপ্তির সুযোগ পাবেন।

গ। **চিকিৎসা**। সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে বিধি মোতাবেক নগদ অর্থ প্রদানসহ বিদেশে সুচিকিৎসার সুযোগ পাবেন।

ঘ। **সন্তানদের অধ্যয়ন**। নিজ সন্তানদের জন্য সেনাবাহিনীর তত্ত্বাবধানে পরিচালিত স্কুল/কলেজ, ক্যাডেট কলেজ, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (AFMC), মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (MIST) এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (BUP) এ যোগ্যতা অনুযায়ী অধ্যয়নের সুযোগ পাবেন।

### বিশেষ নির্দেশনাঃ

২৪। সামরিক মৌলিক প্রশিক্ষণের প্রয়োজনে প্রার্থীদেরকে বিএমএ'তে যোগদানের পূর্বে সাঁতার শেখার জন্য উপদেশ দেয়া হলো।

২৫। বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তনের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

২৬। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানপত্র প্রদান/বাতিলের ক্ষমতা সেনাবাহিনী সদর দপ্তর সংরক্ষণ করে।

**আবেদনের শেষ তারিখঃ**
**১০ আগষ্ট ২০২৪**

**পরিচালক**
পার্সোনেল এ্যাডমিনিস্ট্রেশন পরিদপ্তর
এ্যাডজুটেন্ট জেনারেল শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা

অনলাইনে আবেদন করতে ভিজিট করুনঃ https://join.army.mil.bd